গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) আধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd

স্মারক নং-৪৫.০০.০০০০.১৪৩.০৬.০০৩.২০- ৯৬৬

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ ১৪২৮ / ০৮ জুন ২০২১

**বিষয়ঃ ইনোভেশন শোকেসিং ২০২০-২০২১ বিষয়ক অনলাইন সভার কার্যবিবরণী**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে গত ১১.০৫.২০২১ তারিখ অনুষ্ঠিত স্বাস্থ্য সেবা বিভাগের ইনোভেশন শোকেসিং ২০২০-২০২১ সভার কার্যবিবরণী এতদসংগে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো (কপি সংযুক্ত)।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক

(মোহাম্মদ ইকবাল হোসেন)
উপসচিব
ফোন: ৯৫৪০৩৬২
monitor@hsd.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. অতিরিক্ত সচিব (ঔষধ প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
২. অতিরিক্ত সচিব (উন্নয়ন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৩. অতিরিক্ত সচিব (প্রশাসন অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৪. যুগ্মসচিব (বাজেট), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৫. যুগ্মসচিব (মানবসম্পদ), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৬. যুগ্মসচিব (পার), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৭. যুগ্মসচিব (স্বাস্থ্য), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৮. যুগ্ম-সচিব (নার্সিং), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৯. উপসচিব (ক্রয় ও সংগ্রহ-১), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১০. উপসচিব (প্রশাসন-৩), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১১. উপসচিব (প্রশাসন-২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১২. উপসচিব (সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১৩. উপসচিব (নার্সিং সেবা-১), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১৪. উপসচিব (জনস্বাস্থ্য-২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১৫. উপসচিব (প্রশাসন-৪), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১৬. ডিপিএম (পরিকল্পনা ও গবেষণা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
১৭. চিফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা
১৮. ডাঃ মোঃ জাহাঙ্গীর কবির, সিভিল সার্জন, নীলফামারী

১৯. ডাঃ মোঃ আজমল হক, উপজেলা স্বাস্থ্য পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দিনাজপুর
২০. সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
২১. ইনোভেশন অফিসার, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
২২. ইনোভেশন অফিসার, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা
২৩. ইনোভেশন অফিসার, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা
২৪. ইনোভেশন অফিসার, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, আনসারী ভবন, তোপখানা রোড, ঢাকা
২৫. ইনোভেশন অফিসার, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা
২৬. ইনোভেশন অফিসার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা
২৭. ইনোভেশন অফিসার, টেমো, মহাখালী, ঢাকা

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ**

১. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
২. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৩. অতিরিক্ত সচিব (প্রশাসন অধিশাখা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৪. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd

**বিষয়:** **ইনোভেশন শোকেসিং ২০২১ বিষয়ক অনলাইন সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | : মোঃ মুহিবুর রহমান, অতিরিক্ত সচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসার, স্বাস্থ্য সেবা বিভাগ। |
| তারিখ ও মাধ্যম | : ১১ মে ২০২১ খ্রিঃ ও অনলাইন |
| আয়োজনে | : স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। |

ইনোভেশন শোকেসিং ২০২১ এর অনলাইন সভার শুরুতে জনাব মোঃ মুহিবুর রহমান, অতিরিক্ত সচিব (প্রশাসন) এবং চিফ ইনোভেশন অফিসার, স্বাস্থ্য সেবা বিভাগ উদ্যোক্তাসহ সকলকে স্বাগত জানান। কোভিড পরিস্থিতির কারণে কর্মশালাটি অনলাইনে করতে হচ্ছে মর্মে জানান। তিনি প্রত্যেকটি উদ্যোগর ভূয়সী প্রশংসা করেন। উদ্ভাবকগণ অত্যন্ত আন্তরিক ও নিবেদিত প্রাণ হয়ে কাজ করায় তিনি তাদের ধন্যবাদ জানান। এছাড়া, তিনি এসময় উদ্ভাবকদের পাইলটিং বাস্তবায়নে আর্থিক সহায়তা প্রদানের জন্য উপজেলা পরিষদ, এনজিও সহ যারা সহায়তা করেছেন তাদেরকেও ধন্যবাদ জানান। তিনি বাছাই কমিটির সম্মানিত সদস্যবৃন্দ, মন্ত্রিপরিষদ বিভাগের প্রতিনিধিসহ সকল অধিদপ্তরের মহাপরিচালককে সার্বিক সহযোগিতার জন্য ধন্যবাদ জানান ।

মোহাম্মদ ইকবাল হোসেন, উপসচিব ও সদস্য সচিব, ইনোভেশন কমিটি, স্বাস্থ্য সেবা বিভাগ কর্মশালার প্রেক্ষাপট ও পটভূমি তুলে ধরেন। এ সময় অংশগ্রহণকারীদের উদ্ভাবনী পাইলট উদ্যোগ বাস্তবায়নে শিখন, চ্যালেঞ্জ, সম্ভাবনা এবং লার্নিং জার্নি পর্যালোচনা করা হয়। পর্যালোচনা শেষে উদ্ভাবনী পাইলট উদ্যোগ বাস্তবায়নকারী কর্মকর্তাগণ তাদের উদ্যোগগুলো অনলাইনে বিভিন্ন তথ্যচিত্রের মাধ্যমে তুলে ধরেন। এতে মূলত: সমস্যা, সমস্যা সমাধানে গৃহিত উদ্ভাবনী উদ্যোগ এবং ফলাফল তুলে ধরা হয়। শোকেসিং এর প্রথম পর্বে স্বাস্থ্য সেবা বিভাগ ও অধিদপ্তরের সমন্বয়ে গঠিত ৮ জনের রিসোর্স টিম প্রতিটি উদ্যোগ নিবিড় পর্যবেক্ষণ ও পর্যালোচনার মাধ্যমে উদ্যোগগুলির সম্ভাব্যতা যাচাইপূর্বক রেপ্লিকেশন/স্কেলআপযোগ্য উদ্যোগসমূহ চিহ্নিত করেন। জনাব মোঃ এনামুল হক যুগ্মসচিব (বাজেট) বলেন, আরো অধিক ও ভালো ইনোভেশন উদ্যোগ পেতে দেশব্যাপী প্রচারনা করা প্রয়োজন।সেলক্ষ্যে তিনি দেশের সকল স্বাস্থ্য প্রতিষ্ঠানে পত্র প্রেরণের পরামর্শ দেন।

জনাব মোঃ সাইদুর রহমান, অতিরিক্ত সচিব (উন্নয়ন) রেপ্লিকেশনকে সংজ্ঞায়িত করে বলেন যেটা মডেল হিসেবে অন্য জায়গায় বাস্তবায়ন করা যায়, তাকেই রেপ্লিকেশন বলা যেতে পারে। তিনি রেপ্লিকেশনের জন্য কী করা উচিত, কিভাবে রেপ্লিকেট করা হবে, সরকারি অর্থ কোথায় লেগেছে, কোথায় সরকারি অর্থ লাগেনি সেগুলো চিহ্নিত করার উপর জোর দেন। তিনি বলেন সরকারি অর্থ ব্যয় না হলে রেপ্লিকেশনের সংখ্যা বাড়াতে সমস্যা থাকার কথা নয়। অগ্রাধিকারভিত্তিতে উদ্যোগ বেছে নিতে হবে। টেকসই উন্নয়নের লক্ষ্যমাত্রা (এসডিজি) কে মাথায় রেখে এগুতে হবে। ২০৩০ সালের মধ্যে আমাদের টেকসই উন্নয়নের লক্ষ্যমাত্রা (এসডিজি) পূরণ করতে হবে। তিনি আরো উল্লেখ করেন যে, স্বাস্থ্য খাতে উন্নতি করার অনেক জায়গা রয়েছে। এমডিজিতে আমরা মোটামুটি ভাল করলেও মাতৃমৃত্যুর হার কাঙ্খিত মাত্রায় কমেনি।

সভাপতি বলেন এবারের শোকেসিং ওয়ার্কশপে কিছু ইউনিক উদ্ভাবনী প্রকল্প রয়েছে। সেগুলো বেশ ভাল লেগেছে। এগুলো আমাদের সারাদেশে ছড়িয়ে দিতে হবে। পরবর্তীতে সার্বিক বিষয় বিবেচনা করে ইনোভেশন কার্যক্রম পরিচালনা করতে হবে।

২. পর্যালোচনা সভায় প্রকল্প বাছাইসহ পরবর্তি কার্যক্রমের বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত ও সুপারিশসমূহ গৃহিত হয়ঃ

| ক্রমিক নং | সুপারিশ/ সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১ | স্কেল আপের জন্য চিহ্নিত উদ্যোগগুলো হলো:<br>ক. উদ্যোগের শিরোনাম: ডিজিটাল বালার মাধ্যমে গর্ভকালীন সেবা<br>বাস্তবায়নকারী কর্মকর্তা ডাঃ মোঃ জাহাঙ্গীর কবির, সিভিল | স্বাস্থ্য সেবা বিভাগ ও স্বাস্থ্য অধিদপ্তর |

| | | |
|---|---|---|
| | খ: পুষ্টি ট্রে<br>বাস্তবায়নকারী কর্মকর্তা- ডাঃ মোঃ আজমল হক<br>উপজেলা স্বাস্থ্য পরিবার পরিকল্পনা কর্মকর্তা, চিরির বন্দর, দিনাজপুর | |
| ২ | স্কেলআপের জন্য গৃহিত উদ্যোগগুলো সারাদেশে বাস্তবায়নের লক্ষ্যে কর্মপরিকল্পনা প্রণয়ন করা হবে জুন, ২০২১ এর মধ্যে, বাস্তবায়ন শুরু হবে জুলাই ২০২১ থেকে এবং বাস্তবায়ন শেষ হবে ডিসেম্বর ২০২২ এর মধ্যে। | স্বাস্থ্য সেবা বিভাগ ও স্বাস্থ্য অধিদপ্তর |
| ৩ | উদ্ভাবনী উদ্যোগ গ্রহনের জন্য উদ্যোগ বাস্তবায়নকারী কর্মকর্তাগনকে পুরষ্কার/ডিও লেটার স্বীকৃতি ও উৎসাহ প্রদান করতে হবে। | ইনোভেশন টিম |
| ৪ | সংশ্লিষ্ট কর্মকর্তাদের উদ্যোগ বাস্তবায়নে সমস্যা দূরীকরণে স্ব স্ব অধিদপ্তরের মহাপরিচালকগণকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে। | স্বাস্থ্য অধিদপ্তর |
| ৫ | স্বাস্থ্য সেবা বিভাগ ও অধিদপ্তরসমূহের যৌথ উদ্যোগে উদ্ভাবনী কার্যক্রমের সাফল্য গাঁথা প্রকাশনা আকারে বের করতে হবে। | ইনোভেশন টিম |
| ৬ | এসডিজিকেন্দ্রিক ইনোভেশন উদ্যোগ গ্রহণ করতে হবে। | স্বাস্থ্য সেবা বিভাগ ও সংশ্লিষ্ট অধিদপ্তর |
| ৭ | ইনোভেশন উদ্যোগ বৃদ্ধির লক্ষ্যে জেলা ও উপজেলা পর্যায়ের সকল স্বাস্থ্য প্রতিষ্ঠানে পত্র প্রেরণ করতে হবে | ইনোভেশন টিম |

৩। সবশেষে সভাপতি মহোদয় সুন্দর এই আয়োজনের সাথে সম্পৃক্ত সকলকে ধন্যবাদ জানান। সভায় গৃহিত সিদ্ধান্ত এবং করণীয় বিষয়গুলো যথাসময়ে বাস্তবায়নের অনুরোধ জানিয়ে তিনি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মুহিবুর রহমান
অতিরিক্ত সচিব (প্রশাসন)
ও
চিফ ইনোভেশন অফিসার
স্বাস্থ্য সেবা বিভাগ